

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন উপলক্ষ্যে ৩১ আগস্ট ২০২০ / ১৬ ভাদ্র ১৪২৭ তারিখে অনুষ্ঠিত এপিএ'র ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	জাবেদ আহমেদ প্রধান নির্বাহী কর্মকর্তা
সভার তারিখ	৩১.০৮.২০২০ খ্রি.
সভার সময়	সকাল ১১.৩০ ঘটিকা
স্থান	বিটিবি'র সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত

২. আলোচনা:


২.১ সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে জনাব আবু তাহের মুহাম্মদ জাবের, পরিচালক (বিপণন, পরিকল্পনা ও জনসংযোগ) ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি জানান, ২৩ আগস্ট ২০২০ তারিখে ২০২০-২১ অর্থবছরের এপিএ'র কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও মনিটরিং এর জন্য বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের কর্মকর্তাবৃন্দকে দায়িত্ব প্রদান করে একটি অফিস আদেশ জারী করা হয়েছে। এছাড়াও, ১৫ জুলাই ২০২০ এ অনুষ্ঠিত এপিএ'র ১ম সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুসারে ২০১৯-২০২০ অর্থবছরে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের সম্পাদিত কাজ এবং ব্যয় নির্বাহ সম্পর্কে অভ্যন্তরীণ অডিট পরিচালনার জন্য একটি অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করা হয়েছে। ২০২০-২১ অর্থবছরের এপিএ'র কার্যক্রম সমূহের মধ্যে [৫.২] জেলা পর্যায়ে জনসচেতনতামূলক সভা আয়োজন সর্বাধিক বাস্তবায়িত হয়েছে। সহকারী পরিচালক (পরিকল্পনা ও গবেষণা) সভায় জানান, গত দুইমাসে ২০টি জনসচেতনতামূলক সভা আয়োজন সম্পন্ন হয়েছে। [১.২] জেলা ভিত্তিক ডিজিটাল পর্যটন ম্যাপ প্রণয়নের জন্য দরপত্র আহবান করা হয়েছে যা বর্তমানে মূল্যায়নের পর্যায়ে আছে।

২.২ সভাপতি কর্তৃক [১.৪] পর্যটন বিষয়ক সুভেনির/ উপহার সামগ্রী প্রস্তুতের জন্য ডিজাইন ও দরপত্র আহবানের বিষয়ে এবং নির্ধারিত সময়ে মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে কর্মসম্পাদনের নির্দেশ প্রদান করা হয়। এছাড়া, এপিএ বাস্তবায়নকারী কর্মকর্তাবৃন্দকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি- এর প্রতিটি কার্যক্রম বাস্তবায়নের পরিকল্পনা প্রণয়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৩. সিদ্ধান্ত: আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়-

৩.১ এপিএ বাস্তবায়নকারী কর্মকর্তাবৃন্দ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-এর প্রতিটি কার্যক্রম বাস্তবায়নের পরিকল্পনা প্রণয়নপূর্বক আগামী ৮ সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট উপস্থাপন করবেন।

৪. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


জাবেদ আহমেদ
প্রধান নির্বাহী কর্মকর্তা

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, বিপণন, পরিকল্পনা ও জনসংযোগ অনুবিভাগ, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
- ২) উপ-পরিচালক, অর্থ অধিশাখা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
- ৩) উপ-পরিচালক, পরিকল্পনা ও গবেষণা অধিশাখা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
- ৪) উপ-পরিচালক, বিপণন অধিশাখা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
- ৫) সহকারী পরিচালক, বিপণন ও ব্র্যান্ডিং শাখা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
- ৬) সহকারী পরিচালক, সমন্বয় ও সাধারণ সেবা শাখা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
- ৭) সহকারী পরিচালক, পরিকল্পনা ও গবেষণা শাখা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
- ৮) সহকারী পরিচালক, জনসংযোগ শাখা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
- ৯) সহকারী পরিচালক, প্রশাসন শাখা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
- ১০) সহকারী পরিচালক (বোর্ড ও আইন), প্রশাসন শাখা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
- ১১) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব রক্ষণ শাখা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড



জাবেদ আহমেদ
প্রধান নির্বাহী কর্মকর্তা